দৈনিক ইত্তেফাক

তারিখ JAN 14 1999
পৃষ্ঠা ৪ কলাম ৩

৪৬

# ঢাকা নগরীতে আরও সরকারী হাইস্কুল আবশ্যক

বিগত দুই দশকে ঢাকা মহানগরীতে কোন সরকারী হাইস্কুল স্থাপিত হয় নাই। দুই দশকে এই মহানগরের লোকসংখ্যা দ্বিগুণেরও বেশী বৃদ্ধি পাইয়া নব্বই লাখ অতিক্রম করিয়াছে। বিপুলসংখ্যক শিক্ষার্থীর চাহিদা পূরণ করিতে কয়েকটি বেসরকারী স্কুল অবশ্য স্থাপিত হইয়াছে। তবে সেই স্কুলগুলিতে না রহিয়াছে শিক্ষক-শিক্ষার্থীদের বসার সুবন্দোবস্ত, না আছে প্রয়োজনীয় লাইব্রেরী, খেলার মাঠ বা মিলনায়তন। দুঃখজনক এই যে অধিকাংশ বেসরকারী স্কুলের শিক্ষকগণের পাঠদানের আগ্রহ ও সক্ষমতা লইয়াও অভিভাবকগণের মনে সন্দেহ রহিয়াছে। শিক্ষার্থীরা পড়াশুনার উপযুক্ত পরিবেশের অনুপস্থিতিতে অধ্যায়নে আশানুরূপ উন্নতি করিতে পারিতেছে না। কিছুসংখ্যক ব্যতিক্রমী ভাল স্কুল অবশ্য রহিয়াছে। কিন্তু সেগুলিতে মহানগরীর অতি অল্পসংখ্যক শিক্ষার্থীই অধ্যয়নের সুযোগ পাইয়া থাকে। বাসাবো এলাকটি ঢাকার একটি পরিকল্পিত আবাসিক এলাকা। এখানে বহুতলবিশিষ্ট বহু ইমারতে অনেক লোক বসবাস করেন। অবিশ্বাস্য হইলেও সত্য, উক্ত বিশাল আবাসিক এলাকায় কোন সরকারী হাইস্কুল নাই। ভাল বেসরকারী স্কুলও নাই। আশির দশকের শেষে তৎকালীন শিক্ষামন্ত্রী মহানগরীর হাইস্কুলের অভাব হ্রাস করিবার জন্য প্রতি থানা এলাকায় একটি বালিকা এবং একটি বালক বিদ্যালয় স্থাপনের ঘোষণা দিয়াছিলেন। সেই ঘোষণা আজও বাস্তবায়ন হয় নাই। এমতাবস্থায়, বাসাবো এলাকাসহ মহানগরীর প্রতিটি থানা এলাকায় অন্তত একটি করিয়া বালিকা এবং একটি করিয়া বালক বিদ্যালয় প্রতিষ্ঠার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের নিকট আবেদন করিতেছি।

মোঃ আশরাফ হোসেন,
১২০, মধ্য বাসাবো, ঢাকা ১২১৪